Pseudo-ID:

# ইউথাইরয়েড২ গবেষণা প্রকল্পে অংশগ্রহনকারীদের জন্য সম্মতি পত্র

EUthyroid2

**প্রিয় অংশগ্রহণকারী,**

আমরা আপনাকে এবং আপনার সন্তানকে **"ইউথাইরয়েড২ - আয়োডিনের ঘাটতি এবং প্রতিরোধযোগ্য আয়োডিনের অভাবজনিত ব্যাধি দূরীকরণের জন্য পরবর্তী পদক্ষেপ"** নামক গবেষণা প্রকল্পে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি। বাংলাদেশ সহ সারা বিশ্বে আয়োডিনের অভাব একটি অন্যতম প্রধান পুষ্টির ঘাটতি জনিত সমস্যা । এই গবেষণা প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে কিশোর কিশোরীদের (১৩-১৭ বছর) এবং যুবতী মহিলাদের (১৮ - ২৪ বছর) মধ্যে আয়োডিনের ঘাটতি জনিত ঝুঁকির বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। এই প্রকল্পে একটি শিক্ষামূলক গবেষণার অংশ রয়েছে যেখানে অংশগ্রহণকারীরা পুষ্টি সম্পর্কিত বর্তমান বৈজ্ঞানিক জ্ঞানের উপর ভিত্তি করে আয়োডিনের উপর প্রয়োজনীয় তথ্য পাবেন। শিক্ষাগত গবেষণা ভালভাবে কাজ করে কিনা তা মূল্যায়ন করার জন্য গবেষণা দল অংশগ্রহণকারীদের কাছ থেকে জ্ঞান এবং অভিজ্ঞতার উপর তথ্য সংগ্রহ করবে। **এই গবেষণা প্রকল্পে অংশগ্রহণের মাধ্যমে আপনি আয়োডিন এবং আয়োডিনের ঘাটতি জনিত ঝুঁকি সম্পর্কে জানতে পারবেন, শিক্ষাগত গবেষণা মূল্যায়নে ইউথাইরয়েড২ -এর গবেষণা দলকে সমর্থন করতে পারবেন, এবং আয়োডিনের ঘাটতি জনিত ব্যাধি প্রতিরোধে পরোক্ষভাবে অবদান রাখতে পারবেন।**

এই সম্মতি পত্রের দুইটি অংশ রয়েছে:

- **তথ্য পত্র (আপনাদেরকে গবেষণা সম্পর্কিত তথ্য প্রদান করার জন্য)**
- **সম্মতি সনদ (অংশগ্রহণকারীর স্বাক্ষরের জন্য)**

আপনাকে সম্পূর্ণ সম্মতি পত্রের একটি কপি দেওয়া হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে এই গবেষণায় আপনার অংশ গ্রহন সম্পূর্ণ স্বেচ্ছামূলক। আপনি যে কোনো সময়ে কোনো কারণ ছাড়াই এই সম্মতি পত্র লিখিত বা মৌখিকভাবে প্রত্যাহার করতে পারবেন (স্বেচ্ছায় অংশগ্রহণ-এর অধীনে আরও বিশদ দেখুন) ।

**Study Coordination:**
University Medicine Greifswald
Institute for Community Medicine
Department SHIP/Clinical Epidemiological Research
Prof. Henry Völzke, MD
Walter Rathenau Str. 48
17475 Greifswald
Germany

**আঞ্চলিক ব্যবস্থাপনা:**
বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস
ফ্যাকাল্টি অব পাবলিক হেলথ
ডিপার্টমেন্ট অব ননকমিউনিকেবল ডিজিজেস
অধ্যাপক ডাঃ ফরিদুল আলম, উপাচার্য
১২৫/১ দারুস সালাম, মিরপুর-১,
ঢাকা-১২১৬
বাংলাদেশ

Pseudo-ID:

# প্রথম অংশ: তথ্য পত্রর

**আমরা আপনাকে এবং আপনার সন্তানকে ইউথাইরয়েড২ প্রকল্প সম্পর্কে তথ্য দিতে চাই এবং আপনার সন্তানকে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাতে চাই। অনুগ্রহ করে সময় নিয়ে নিচের তথ্যগুলো মনোযোগ সহকারে পড়ুন, এবং আপনি চাইলে আপনার পরিবার বা বন্ধুদের সাথে এটি নিয়ে আলোচনা করতে পারেন। আপনার যদি কোন প্রশ্ন থাকে বা সিদ্ধান্ত নেওয়ার আগে আরও তথ্য জানতে চান, অনুগ্রহ করে আঞ্চলিক গবেষণা সমন্বয়কারীর সাথে যোগাযোগ করুন যার বিবরণ প্রথম পৃষ্ঠায় অন্তর্ভুক্ত করা হয়েছে।**

## ইউথাইরয়েড২ গবেষনা প্রকল্পপ

ইউথাইরয়েড২ গবেষনা প্রকল্পটি হরাইজন ইউরোপ ফ্রেমওয়ার্ক প্রোগ্রামের অংশ যা কিশোর কিশোরী এবং যুবকদের মধ্যে অসংক্রামক রোগের ঝুঁকি কমানোর লক্ষে ইউরোপীয়ান ইউনিয়ন এবং ইউকে রিসার্চ অ্যান্ড ইনোভেশন এজেন্সির অর্থায়নে পরিচালিত হচ্ছে। চার বছরের এই প্রকল্পটি ছয়টি ইউরোপীয় দেশ (সাইপ্রাস, ইংল্যান্ড, উত্তর আয়ারল্যান্ড, নরওয়ে, পোল্যান্ড এবং স্লোভেনিয়া) এবং দুটি অ-ইউরোপীয় দেশ (বাংলাদেশ ও পাকিস্তান) এর স্কুল এবং স্বাস্থ্যসেবা সেটিং - এ দুটি উপ-গবেষণায় বিভক্ত। স্বাস্থ্যসেবা সেটিং-এর উপ-গবেষণায় আমরা আপনাকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে চাই, যার লক্ষ্য হল আয়োডিন এবং আয়োডিনের ঘাটতি জনিত রোগ সম্পর্কে ১৮ - ২৪ বছর বয়সের মহিলাদের জ্ঞানোন্নয়ন করা। এর জন্য আমাদের এই বয়সের মহিলাদের আয়োডিন এবং আয়োডিনের ঘাটতিজনিত রোগ সম্পর্কে কতটুকু জ্ঞান রয়েছে এবং তাদের পুষ্টি গ্রহণের অভ্যাস সম্পর্কে জানতে হবে।

আপনার সন্তান যদি এই গবেষণায় অংশগ্রহণ করতে আগ্রহী হয়, তাহলে সে বিভিন্ন আকারে তথ্য পাবে। আপনারা যে উৎস থেকে আয়োডিন গ্রহণ করেন তা মূল্যায়ন করার জন্য একটি স্ব-মূল্যায়ন টুল পূরণ করার সুযোগ পাবেন। এছাড়াও, তার এক বা একাধিক ক্লাস থাকবে যেখানে তার শিক্ষক তাকে আয়োডিন সম্পর্কে শিক্ষা দিবেন এবং আরও তথ্য সামগ্রী দিবেন, যেমন: একটি পুস্তিকা, ব্যায়াম এবং/অথবা এ্যাসাইনমেন্ট।

তথ্য উপাদানের (স্ব-মূল্যায়ন টুল, লেকচার, ব্যায়াম এবং এ্যাসাইনমেন্ট) কার্যকারিতা মূল্যায়ন করতে আমরা আপনার সন্তানকে তার পুষ্টি গ্রহণের অভ্যাস, আয়োডিন এবং ব্যক্তিগত (বয়স, গ্রেড ইত্যাদি) বিষয়ের উপর একটি প্রশ্নপত্র পূরণ করতে বলব। এই প্রশ্নপত্র তিনবার পূরণ করতে হবে। শুরুতে, যখন আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিবেন, তার ২-৪ সপ্তাহ পরে এবং পরবর্তীতে ২৬-৩৫ সপ্তাহ পরে।

**যদি আপনার সন্তান এই গবেষণা প্রকল্পে অংশগ্রহণ করে, তাহলে সে আয়োডিন এবং আয়োডিনের ঘাটতি-জনিত ঝুঁকি সম্পর্কে জানতে পারবে এবং তথ্য উপাদানের মূল্যায়নে অবদান রাখতে পারবে, যেমন তাদের কার্যকারিতা।**

## স্বেচ্ছায় অংশগ্রহণ

আপনি এবং আপনার সন্তান এই গবেষণা প্রকল্পে অংশগ্রহণ করবেন কি না তা সম্পূর্ণরূপে আপনার নিজেস্ব সিদ্ধান্ত। আপনার সন্তান যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেয়, তাহলে আপনাকে একটি সম্মতি পত্র স্বাক্ষর করতে হবে। আপনাকে অংশগ্রহণকারী তথ্য পত্রের এবং সম্মতি পত্রের একটি কপি দেওয়া হবে সংগ্রহে রাখার জন্য। আপনি অথবা আপনার সন্তান এই সম্মতি পত্রটি যেকোন সময়ে লিখিত বা মৌখিকভাবে কোন কারণ ছাড়াই প্রত্যাহার করতে পারবেন ।

## কার্যপ্রনালী

আপনার সন্তান অংশগ্রহণ করতে রাজি হলে, আপনার সন্তানকে

- গবেষণার শুরুতে একটি প্রশ্নপত্র পূরণ করতে বলা হবে।
- এক বা একাধিক ক্লাস করতে হবে যেখানে শিক্ষক আয়োডিন সম্পর্কে শিক্ষা দিবেন এবং আরও তথ্য সামগ্রী দিবেন, উদাহরণস্বরূপ একটি পুস্তিকা, ব্যায়াম এবং/অথবা এ্যাসাইনমেন্ট
- ২-৪ সপ্তাহ এবং ২৬-৩৫ সপ্তাহ পরে আবারো একটি প্রশ্নপত্র পূরণ করতে বলা হবে।
- এই গবেষণায় আপনার অভিজ্ঞতা কেমন ছিল তা জানতে ইউথাইরয়েড২ টিমের একজন গবেষক আপনার সাক্ষাৎকার গ্রহন করার জন্য যোগাযোগ করতে পারেন।

## প্রশ্নাবলী জরিপ

আমরা আপনার সন্তানকে একটি কাগজ বা অনলাইন ভিত্তিক প্রশ্নাবলী পূরণ করতে বলব, যা গবেষণা দল সরবরাহ করবে।

উদাহরণ স্বরূপ, এই প্রশ্নাবলীতে আপনার প্রতিদিনের খাদ্য গ্রহণের অভ্যাস, নিজের সম্পর্কে প্রশ্ন (যেমন বয়স, শিক্ষাগত যোগ্যতা) বা আয়োডিন সম্পর্কে আপনার জ্ঞান অন্তর্ভুক্ত থাকবে। এই গবেষণায় প্রাপ্ত তথ্যের গোপনীয়তা যথাযথভাবে রক্ষা করার জন্য ছদ্মনাম ব্যবহার করা হবে, যার অর্থ হল আপনাকে ব্যক্তিগতভাবে সনাক্ত করতে পারে এমন তথ্য একটি ৮-অক্ষরের কোড নাম্বার দ্বারা প্রতিস্থাপিত করা হবে যেমন ছোট হাতের অক্ষর, বড় হাতের অক্ষর এবং সংখ্যা (গোপনীয়তার অধীনে আরও বিশদ দেখুন) ।

জার্মানির মেডিসিন গ্রিফসওয়াল্ড বিশ্ববিদ্যালয় দ্বারা পরিচালিত সার্ভারে নিরাপদ ইন্টারনেট সংযোগের মাধ্যমে তথ্যসমূহ একটি কোড এ রুপান্তরিত করে বা এনক্রিপ্টেড আকারে প্রেরণ করা হবে। এই গবেষণা প্রকল্পের লক্ষ্যে, তথ্য সমূহ শুধুমাত্র ইউথাইরয়েড২ গবেষণা দল দ্বারা বিশ্লেষণ করা হবে, তারা কোনো ব্যক্তিগত তথ্য দেখতে পাবে না, শুধুমাত্র ছদ্মনামে তথ্য দেখতে পারবেন। এর মানে হল যে ব্যক্তি হিসাবে আপনাকে চিহ্নিত করা সম্ভব নয় (গোপনীয়তার অধীনে আরও দেখুন) ।

## সাক্ষাৎকার

ইউথাইরয়েড২ গবেষণা দলের একজন প্রতিনিধি অংশগ্রহণকারীদের জিজ্ঞাসা করবেন, তারা ৩০-৬০ মিনিট দীর্ঘ সময়ের একটি সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা। সাক্ষাৎকারের উদ্দেশ্য হল গবেষণায় অংশগ্রহণকারীর জ্ঞান সম্পর্কে ধারণা লাভ করা এবং এর ফলে বাস্তবে কতটা ভালভাবে এটি অনুশীলন করা হয় তা মূল্যায়ন করা। উদাহরণ স্বরূপ, গবেষণায় আপনার অন্তর্ভুক্ত হওয়ার প্রক্রিয়ার অভিজ্ঞতা কেমন, তথ্য উপাদান সম্পর্কে আপনার মতামত কি কিংবা আপনি কি মনে করেন যে ভিন্নভাবে করা উচিত ছিল, সেই প্রশ্নগুলি এর মধ্যে অন্তর্ভুক্ত করতে পারে।

আপনি এবং আপনার সন্তান যদি সাক্ষাৎকারে অংশ নিতে সম্মত হন, একজন দায়িত্বশীল গবেষক প্রশ্নগুলির প্রস্তুত তালিকার ভিত্তিতে সাক্ষাৎকারের প্রতিটি পর্যায়ে আপনার সন্তানের সাথে সাবধানতার সাথে কথা বলবেন। সাক্ষাৎকার চলাকালীন সময়ে আপনার সন্তান যদি কোনো প্রশ্নের উত্তর দিতে না চান, তাহলে সে তা জানাতে পারবে এবং সাক্ষাৎকার গ্রহনকারী পরবর্তী প্রশ্নে চলে যাবেন। সাক্ষাৎকার চলাকালীন সময়ে সাক্ষাৎকার গ্রহনকারী ছাড়া অন্য কেউ উপস্থিত থাকবে না যদি না আপনি ও আপনার সন্তান অন্য কাউকে সেখানে উপস্থিত রাখতে চান। সাক্ষাৎকার প্রাপ্ত তথ্যগুলি বিশ্লেষণ করার লক্ষ্যে প্রতিটি সাক্ষাৎকার অডিও রেকর্ড করা হবে। রেকর্ড করা তথ্যের গোপনীয়তা যথাযথভাবে রক্ষা করা হবে এবং তথ্য সমূহ শুধু মাত্র গবেষণার কাজে ব্যবহার করা হবে। যদিও পুরো সাক্ষাৎকার রেকর্ড করা হবে, রেকর্ড ফাইলে বা অডিও ফাইলের ট্রান্সক্রিপশনে কোনো শনাক্তকারী তথ্য থাকবে না, যেমন নাম বা ব্যক্তিগত তথ্য যা আপনাকে শনাক্ত করতে সক্ষম হবে। । একইভাবে, প্রশ্নাবলীতে আপনার একটি ছদ্মনাম ব্যবহার করা হবে, যেমন একটি নম্বর, যা দিয়ে আপনার অডিও ফাইল এবং ট্রান্সক্রিপ্ট শনাক্ত করা যাবে।

অডিও ফাইল এবং প্রতিলিপি জার্মানির মেডিসিন গ্রিফসওয়াল্ড ইউনিভার্সিটি দ্বারা পরিচালিত সার্ভারে নিরাপদ ইন্টারনেট সংযোগের মাধ্যমে এনক্রিপ্টে রুপান্তরিত করে প্রেরণ করা হবে। জার্মানির ডুসেলডর্ফের হেনরিখ হাইন ইউনিভার্সিটি ইউথাইরয়েড২ প্রকল্পের একটি অফিসিয়াল অংশীদার এবং এর গবেষকরা সাক্ষাৎকারের তথ্য সমূহ বিশ্লেষণ করবেন । অডিও ফাইলটি গবেষণার পূর্ণ সময়কাল পর্যন্ত রাখা হবে এবং গবেষণা শেষ হওয়ার পরে মুছে ফেলা হবে। প্রযোজ্য হলে অডিও ফাইলগুলি ইংরেজি ভাষায় অনুবাদ করার পরে তথ্য সমূহ বিশ্লেষণের জন্য ব্যবহার করা হবে। এগুলি ১০ বছরের জন্য সংরক্ষণ করা হবে।

## অংশ নেওয়ার সম্ভাব্য অসুবিধা এবং ঝুঁকিগুলি কী কী?

এই গবেষণায় প্রকল্পে অংশগ্রহণ করার জন্য সরাসরি কোন অসুবিধা হওয়ার আশংকা নেই। সামগ্রিকভাবে, গবেষণায় অংশগ্রহণ করার ফলে আপনার সন্তানের কোন সমস্যা অথবা ক্ষতি হওয়ার কোন সুস্পষ্ট কারণ নেই। গবেষণা চলাকালীন সময় আপনার এবং আপনার সন্তানের সাথে যেভাবে আচরণ করা হয়েছে সে সম্পর্কে আপনার যদি কোনো অভিযোগ থাকে, তাহলে আপনি প্রথমে আঞ্চলিক ব্যবস্থাপনার সাথে এবং পরবর্তীতে টেলিফোন বা ই-মেইলের মাধ্যমে মূল গবেষণা সমন্বয়কারীর সাথে যোগাযোগ করতে পারবেন (যোগাযোগের তথ্য সহ প্রথম পৃষ্ঠাটি)।

### অংশ নেওয়ার সম্ভাব্য সুবিধাগুলি কী কী?

এটি আপনাকে এবং আপনার সন্তানকে সরাসরি উপকৃত করবে না, তবে আপনার সন্তানের অংশগ্রহণ আয়োডিনযুক্ত খাদ্যের গুরুত্ব সম্পর্কে তার জ্ঞান বাড়াতে সাহায্য করবে এবং আয়োডিনের ঘাটতি ও এই ঘাটতি জনিত ব্যাধিগুলি কীভাবে প্রতিরোধ করা যায় সে সম্পর্কে আরও তথ্য জানতে পারবেন। ইউথাইরয়েড২ এর লক্ষ্য হল জনস্বাস্থ্যের উন্নতির জন্য গবেষণা পরিচালনা করে আমাদের সমাজের সেবা করা।

### প্রতিদান

গবেষণায় অংশগ্রহন করার জন্য আপনার মেয়ে বা ছেলেকে কোনো অর্থ প্রদান করা হবে না। তবে সে একটি পোস্টার প্রতিযোগিতা বা একটি র‍্যাফেলে ড্র এর মাধ্যমে পুরস্কার জেতার সুযোগ পাবে এবং আয়োডিন-সম্পর্কিত ঘাটতিজনিত ব্যাধি ও আয়োডিন সমৃদ্ধ খাবারের উৎস সম্পর্কে জানতে পারবে।

### গোপনীয়তা

গবেষণা প্রকল্পের কনসোর্টিয়ামের সমস্ত সদস্য ব্যক্তিগত তথ্য পরিচালনার ক্ষেত্রে ইউরোপীয় তথ্য সুরক্ষা প্রবিধান এবং ইউরোপীয় জেনারেল তথ্য প্রোটেকশন রেগুলেশন (জিডিপিআর) এর বিধানগুলি মেনে চলতে বাধ্য এবং গোপনীয়তা রক্ষা করতে দায়িত্বশীল । আমরা ব্যক্তিগত তথ্য এবং গবেষণার জন্য নির্বাচিত তথ্যের মধ্যে পার্থক্য করি। ব্যক্তিগত তথ্য যা দিয়ে আপনাকে একজন ব্যক্তি হিসাবে চিহ্নিত করা যায়, যেমন নাম, ঠিকানা, জন্ম তারিখ ইত্যাদি গবেষণার ফলাফলে অন্তর্ভুক্ত করা হবে না। গবেষণার তথ্যতে সমস্ত প্রতিক্রিয়া, প্রশ্নাবলী, এবং সাক্ষাৎকার বিশ্লেষণের ফলাফল অন্তর্ভুক্ত থাকবে।

আপনার এবং আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য (ব্যক্তির নাম, স্কুলের/শিক্ষাপ্রতিষ্ঠানের নাম এবং গ্রেড) এবং গবেষণার তথ্য কম্পিউটার প্রযুক্তির মাধ্যমে পৃথকভাবে সংরক্ষণ করা হবে। সাক্ষাৎকার এবং পরীক্ষার সময় সংগৃহীত সমস্ত তথ্য একটি কোড নম্বর দিয়ে সংরক্ষণ করা হবে (তথাকথিত ছদ্মনামকরণ) যা শুধুমাত্র ব্যবস্থাপনা বিষয়ক কর্মীরা দেখতে পারবে। গবেষণার কেন্দ্র থেকে অন্যান্য কেন্দ্রে বৈজ্ঞানিক বিশ্লেষণের তথ্য সমূহ ছদ্মনাম ব্যবহার করে প্রেরণ করা হবে । সমস্ত বৈজ্ঞানিক প্রকাশনা বেনামী এবং গোষ্ঠীবদ্ধ আকারে টেবিল এবং চিত্রের মাধ্যমে বা পরিসংখ্যানগত পরিমাপ (যেমন শতাংশ, গড়) সহ প্রকাশ করা হবে । আপনার ব্যক্তিগত তথ্য থেকে ছদ্মনামটি মুছে ফেলার মাধ্যমে বেনামীকরণ করা হবে । পরবর্তীকালে, গবেষণার তথ্য সমূহ বেশি সময়ের জন্য ব্যক্তিগত তথ্য হিসাবে রাখা হবে না এবং পৃথক অংশগ্রহণকারীদের সম্পর্কে কোন পরিসমাপ্তি টানা হবে না।

আমরা উল্লেখ করতে চাই যে জিডিপিআর এর ভিত্তিতে আপনার ব্যক্তিগত তথ্য সম্পর্কিত আপনার নিম্নলিখিত অধিকার রয়েছে, নির্দিষ্টভাবে:

**তথ্য পাওয়ার অধিকার (আর্ট. ১৫ জিডিপিআর):** আপনার এবং আপনার সন্তান সম্পর্কে সংরক্ষিত ডেটা সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে।

**সংশোধনের অধিকার (আর্ট. ১৬ জিডিপিআর):** আপনার এবং আপনার সন্তান সম্পর্কে ভুল তথ্য সংশোধন করার অধিকার আপনার এবং আপনার সন্তানের আছে। প্রক্রিয়াকরণের উদ্দেশ্যগুলি বিবেচনায় নিয়ে, একটি সম্পূরক বিবৃতি প্রদানের মাধ্যমে অসম্পূর্ণ ব্যক্তিগত তথ্য সম্পূর্ণ করার অধিকার আপনার এবং আপনার সন্তানের রয়েছে।

**মুছে ফেলার অধিকার (আর্ট. ১৭ জিডিপিআর):** সুনির্দিষ্ট কারণ সাপেক্ষে মুছে ফেলা ব্যক্তিগত তথ্য পাওয়ার অধিকার আপনার এবং আপনার সন্তানের রয়েছে। বিশেষ করে যে উদ্দেশ্যে ব্যক্তিগত তথ্য সমূহ সংগ্রহ করা হয়েছিল বা অন্যথায় প্রক্রিয়া করা হয়েছিল সেগুলির যদি আর কোন প্রয়োজন না থাকে তবে সে ক্ষেত্রে এটি প্রযোজ্য।

**প্রক্রিয়াকরণের সীমাবদ্ধতার অধিকার (আর্ট. ১৮ জিডিপিআর):** ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের সীমাবদ্ধতা প্রাপ্তির অধিকার আপনার এবং আপনার সন্তানের রয়েছে। এর মানে সংরক্ষণাগার ব্যতীত আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করা হবে না।

**সম্মতি প্রত্যাহার (আর্ট. ৭ (৩) জিডিপিআর):** যে কোনো সময় আপনার এবং আপনার সন্তানের সম্মতি পত্র প্রত্যাহার করার অধিকার আপনার আছে।

**তথ্য বহন করার অধিকার (আর্ট. ২০ জিডিপিআর):** আপনার এবং আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য একটি সাধারণত কাঠামোর মাধ্যমে এবং মেশিন রিডেবল আকারে পাওয়ার অধিকার আপনার আছে । আপনার ব্যক্তিগত তথ্য সরাসরি এক নিয়ন্ত্রণকারীর কাছ থেকে অন্য নিয়ন্ত্রণকারীর কাছে প্রেরণ করার অধিকার রয়েছে, যেখানে প্রযুক্তিগতভাবে সম্ভব।

**তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের করার অধিকার (আর্ট ৭৭ জিডিপিআর):** আপনার এবং আপনার সন্তানের এলাকার তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে:

জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি
ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (লেভেল-১২), আগারগাঁও, ঢাকা-১২০৭
ইমেইলঃ notify@dsa.gov.bd

আপনি যদি বিশ্বাস করেন যে অভিযোগ লঙ্ঘনের স্থানটি হল জার্মানির ইউনিভার্সিটি মেডিসিন গ্রিফসওয়াল্ড, সেক্ষেত্রেও আপনার অভিযোগ করার অধিকার রয়েছে:

মেক-লেনবার্গ-ওয়েস্টার্ন পোমেরেনিয়ার তথ্য সুরক্ষা এবং তথ্যের স্বাধীনতার জন্য স্টেট কমিশনার হলেন

Schloss Schwerin
Lennéstraße 1
19053 Schwerin
Germany
Telefon: 0385-59494-0
Telefax: 0385-59494-58
E-Mail: info@datenschutz-mv.de

আপনি যদি বিশ্বাস করেন যে অভিযোগ লঙ্ঘনের স্থানটি হল ইনস্টিটিউট অব মেরিন রিসার্চ, বার্গেন, নরওয়ে, সেক্ষেত্রেও আপনার কাছে অভিযোগ করার অধিকার রয়েছে।

Datatilsynet
Postboks 458 Sentrum
0105 Oslo
Norway
E-Mail: postkasse@datatilsynet.no

জার্মানির ইউনিভার্সিটি মেডিসিন গ্রিফসওয়াল্ড, ডাটা প্রটেকশন অফিসার হলেন:

Prof. Ulf Glende
Konzerndatenschutzbeauftragter
Informationssicherheitsbeauftragter
Universitätsmedizin Greifswald
Walther-Rathenau-Straße 48
17475 Greifswald
Telefon: 03834-865124
E-Mail: datenschutz-umg@med.uni-greifswald.de

নরওয়ের ইনস্টিটিউট অব মেরিন রিসার্চ, বার্গেন, ডাটা প্রটেকশন অফিসারের সাথে যোগাযোগের ঠিকানা:

personvernombud@hi.no

**সম্মতি পত্র প্রত্যাহারের ঠিকানা:**
বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস
১২৫/১ দারুস সালাম, মিরপুর-১, ঢাকা-১২১৬
ই-মেইলঃ mithilafaruque@buhs.ac.bd

**তথ্য প্রক্রিয়াকরণের জন্য দায়ী:**
ডিপার্টমেন্ট অব এনসিডি
বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস, ঢাকা

## গবেষণার তথ্য কে এবং কি উদ্দেশ্যে ব্যবহার করতে পারে?

আয়োডিন এবং আয়োডিনের ঘাটতি জনিত ব্যাধি সম্পর্কে কিশোর-কিশোরীদের (১৩ - ১৭ বছর) জ্ঞান কিভাবে বৃদ্ধি করা যায় সে সম্পর্কে সুপারিশ করতে গবেষণা প্রকল্পের গবেষক সদস্যরা গবেষণার তথ্য ব্যবহার করবে। এর উপর ভিত্তি করে, জনস্বাস্থ্য এবং সংশ্লিষ্ট বিষয়ে সাধারণ মানুষের জন্য আরও বৈজ্ঞানিক প্রশ্ন তৈরি করা যেতে পারে। গবেষণা থেকে প্রাপ্ত তথ্যসমূহ জাতীয় এবং আন্তর্জাতিক সহযোগী সংগঠনের সাথে বেনামে বা ছদ্মনাম ব্যবহার করে আদান-প্রদান করা যেতে পারে। এছাড়াও, গবেষণার তথ্য শিক্ষা এবং প্রশিক্ষণ এর কাজে ব্যবহার করা যেতে পারে।

## তথ্য কতদিন সংরক্ষণ করা হয় এবং তথ্য সমূহ কি আপনি মুছে ফেলতে পারেন?

গবেষণা প্রকল্প শেষ হওয়ার পর ১০ বছরের জন্য তথ্য সমূহ সংরক্ষণ করে রাখা হবে। আপনি যে কোনো সময় কোনো কারণ ছাড়াই সম্পূর্ণ বা আংশিকভাবে তথ্য সংরক্ষন করার জন্য আপনার লিখিত সম্মতি পত্র প্রত্যাহার করতে পারেন। প্রত্যাহার করার ক্ষেত্রে, আপনার এবং আপনার সন্তানের ব্যক্তিগত শনাক্তকারী তথ্য (নাম, ঠিকানা, ইত্যাদি) মুছে ফেলা হবে এবং বেনামী করা হবে। সেক্ষেত্রে, গবেষণা তথ্য থেকে আপনার সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া আর সম্ভব নয়। আপনার সন্তানের গবেষণার তথ্য মুছে ফেলা যাবে না, তবে আপনি চাইলে ভবিষ্যতে বিশ্লেষণের জন্য ব্লক করা হবে।

Pseudo-ID:

# দ্বিতীয় অংশ: সম্মতি সনদ

আমি এই সম্মতি পত্রে লিখিত পূর্বোক্ত তথ্য পড়েছি, অথবা এটা আমাকে পড়ে শুনানো হয়েছে।

আমি এই গবেষণা প্রকল্প সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পেয়েছি এবং আমার জিজ্ঞাসার সন্তোষজনক উত্তর পেয়েছি।

আমি গবেষণায় নিম্নলিখিত পদ্ধতিতে অংশগ্রহণকারী হতে স্বেচ্ছায় সম্মতি দিচ্ছি: -

| **জরিপের প্রশ্নাবলী** | |
|---|---|
| ○ হ্যা | ○ না |
| **সাক্ষাৎকার** | |
| ○ হ্যা | ○ না |
| মন্তব্য: | |
| তারিখ: | |
| অংশগ্রহণকারীর নাম: | |
| স্বাক্ষর: | |

| | |
|---|---|
| তারিখ: | |
| অংশগ্রহনকারীর অভিভাবকের নাম: | |
| স্বাক্ষর: | |

| নিরক্ষর হলে | |
|---|---|
| আমি সাক্ষ্য দিচ্ছি যে, অংশগ্রহণকারীর কাছে সম্মতি পত্রের সঠিক পাঠ দেখেছি এবং অংশগ্রহণকারী প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পেয়েছে। আমি নিশ্চিত করছি যে অংশগ্রহণকারী স্বাধীনভাবে সম্মতি দিয়েছে। | |
| তারিখ: | |
| সাক্ষদানকারীর নাম: | |
| স্বাক্ষর: | |
| অংশগ্রহণকারীর বৃদ্বাঙুলের ছাপ | |

| সম্মতি পত্র গ্রহণকারী গবেষক/ব্যক্তির বিবৃতি | |
|---|---|
| আমি সম্ভাব্য অংশগ্রহণকারীকে তথ্য পত্রটি সঠিকভাবে পড়ে শুনিয়েছি, এবং আমার সর্বোত্তম ক্ষমতা দিয়ে নিশ্চিত করেছি যে অংশগ্রহণকারী বুঝতে পারে যে উপরোক্ত সম্মতিকৃত পদ্ধতিগুলি গবেষণায় ব্যবহার করা হবে।<br><br>আমি নিশ্চিত করছি যে অংশগ্রহণকারীকে গবেষণা সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ দেওয়া হয়েছিল এবং আমার সামর্থ্য অনুযায়ী অংশগ্রহণকারী দ্বারা জিজ্ঞাসা কৃত সমস্ত প্রশ্নের সঠিক উত্তর দেওয়ার চেষ্টা করেছি। আমি নিশ্চিত করছি যে অংশগ্রহণকারীকে সম্মতি দিতে বাধ্য করা হয়নি, অবাধে এবং স্বেচ্ছায় সম্মতি দেওয়া হয়েছে।<br><br>এই আইসিএফ এর একটি কপি অংশগ্রহণকারীকে প্রদান করা হয়েছে। | |
| তারিখ: | |
| সম্মতিপত্র গ্রহণকারীর নাম: | |
| স্বাক্ষর: | |

## তথ্য সুরক্ষা

| তথ্য সুরক্ষা আইনের অধীনে সম্মতির ঘোষণা |
|---|
| গবেষণায় অংশগ্রহণের জন্য একটি প্রয়োজনীয় পূর্বশর্ত হল তথ্য সুরক্ষা আইনের অধীনে তথ্য প্রক্রিয়াকরণে আপনার সম্মতি। তথ্য প্রক্রিয়াকরণ এর মধ্যে রয়েছে: সংগ্রহ, সংরক্ষন, পরিবর্তন, ব্যবহার এবং তথ্য মুছে ফেলা। |
| আমি সম্মত যে আমার এবং আমার সন্তানের ব্যক্তিগত তথ্য বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সাইন্সেস-এর দায়বদ্ধতার অধীনে জার্মানির ইউনিভার্সিটি মেডিসিন গ্রিফসওয়াল্ড-এর সহযোগিতায় তথ্য পত্রে বর্ণিত হিসাবে প্রক্রিয়া করা হবে।<br>◯ হ্যা ◯ না |
| আমি সম্মত যে আমার ব্যক্তিগত তথ্য (নাম, টেলিফোন নম্বর, ইমেল ঠিকানা) আঞ্চলিক গবেষণা ব্যবস্থাপনার মাধ্যমে প্রক্রিয়া করা হতে পারে। আঞ্চলিক ব্যবস্থাপনা যে কোনো সময় ছদ্মনাম করা গবেষণার তথ্য দেখতে পারবে না।<br>◯ হ্যা ◯ না |
| আমি সম্মত যে আমার সন্তানের তথ্য গবেষণার উদ্দেশ্যে ইউথায়রয়েড২ গবেষক দল এবং আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠানকে (যেমন বিশ্ববিদ্যালয় শিক্ষক, গবেষণা প্রতিষ্ঠান) দেওয়া যেতে পারে এবং ছদ্মনাম আকারে ব্যবহার করা যেতে পারে যেমন তথ্য শীটে বর্ণিত হয়েছে।<br>◯ হ্যা ◯ না |

| লাভ/সুবিধা-সম্পর্কিত অংশগ্রহণ |
|---|
| আমি বুঝতে পেরেছি যে আমার এবং আমার সন্তানের ডেটা জড়িত গবেষণা থেকে প্রাপ্ত কোনো আর্থিক সুবিধা বা লাভের ক্ষেত্রে আমি কোনো ক্ষতিপূরণের অধিকারী নই বা আমার কোন স্বার্থ নেই। |

| প্রত্যাহারের অধিকার |
|---|
| এই গবেষণায় আমার অংশগ্রহণ স্বেচ্ছামূলক। যে কোনো সময় কোনো কারণ ছাড়াই সম্পূর্ণ বা আংশিক সম্মতি প্রত্যাহার করার অধিকার আমার এবং আমার সন্তানের আছে। |

| পুনরায় যোগাযোগের ক্ষেত্রে |
|---|
| এই গবেষণায় আপনার অংশগ্রহণের পর, আমরা ইউথাইরয়েড প্রকল্পের অন্যান্য গবেষণায় আংশগ্রহণ করার জন্য আপনার সাথে আবার যোগাযোগ করতে চাই। |
| আমি ইউথাইরয়েড২ গবেষণার অংশ হিসাবে গবেষণা ব্যবস্থাপক এর সাথে আবার যোগাযোগ করতে সম্মত। ◯ হ্যা ◯ না |

| | |
|---|---|
| তারিখ: | |
| অংশগ্রহণকারীর নাম: | |
| স্বাক্ষর: | |

| নিরক্ষর হলে | |
|---|---|
| আমি সাক্ষ্য দিচ্ছি যে, অংশগ্রহণকারীর কাছে তথ্য সুরক্ষা আইনের অধীনে সম্মতি পত্রের সঠিক পাঠ শুনেছি এবং অংশগ্রহণকারী প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পেয়েছে। আমি নিশ্চিত করছি যে অংশগ্রহণকারী স্বাধীনভাবে সম্মতি দিয়েছে। | |
| তারিখ: | |
| সাক্ষ্য দানকারীর নাম: | |
| স্বাক্ষর: | |
| অংশগ্রহণকারীর বৃদ্বাঙুলের ছাপ | |

| | |
|---|---|
| তারিখ: | |
| সম্মতিপত্র গ্রহণকারীর নাম: | |
| স্বাক্ষর: | |

Co-funded by the European Union

UK Research and Innovation

EUthyroid2